## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে মাঘ বুধবার ১৩৬০ ইংরাজী 3rd Feb. 1954 | ৩৬শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

মোট চল্‌তি বীমা ............ ৮৬,৭১,৮৫,০৪০৲
মোট সম্পত্তি ............ ২২,৪৯,৮৩,০৫৬৲
বীমা ও বিবিধ তহবিল ........ ১৯,৭৭,৭৬,২৮৭৲
প্রিমিয়ামের আয় ......... ৩,৯৪,২২,৩৭১৲
দাবী শোধ (১৯৫২) .......... ৮৮,৮২,২৭১৲

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২০শে মাঘ বুধবার সন ১৩৬০ সাল

## পরলোকে
## বিশ্ববিখ্যাত চিন্তানায়ক বিপ্লবী
# মানবেন্দ্রনাথ রায়

—•—

বাঙলা মায়ের আর একটি দামাল ছেলে—মানবেন্দ্রনাথ রায় যাঁহার জীবনের ব্রত ছিল মানুষ কর্ত্তৃক মানুষের সকল প্রকার শোষণ, শাসনাদি অত্যাচারের অবসান করিয়া মানুষের সর্ব্বাঙ্গীন কল্যাণ সাধন করতঃ দেশের আধ্যাত্মিক, অর্থনৈতিক মুক্তি আনয়ন। গত ২৫শে জানুয়ারী রাত্রি ১১-৫০ মিনিটে ডেরাডুনে সেরিব্র্যাল থ্রম্বসিস রোগে ইহধাম ত্যাগ করিয়াছেন।

জেলা মেদিনীপুরের ঘাটাল মহকুমায় ক্ষেপুত নামক একটি গ্রাম আছে। উক্ত গ্রামে ক্ষিপ্তেশ্বরী দেবীর মন্দির আছে। সম্ভবতঃ ক্ষিপ্তেশ্বরীর নামানুসারে গ্রামের নাম ক্ষেপুত হইয়াছে। উক্ত দেবীর পুরোহিত বংশীয় ব্রাহ্মণেরা দেবোত্তর সম্পত্তি ভাগ বণ্টন করিয়া লওয়ায় তাঁহাদের মধ্যে একজন গ্রাসাচ্ছাদনের উপায় জন্য কলিকাতার নিকটবর্ত্তী ২৪ পরগণার অন্তর্গত আড়বেলে গ্রামে শিক্ষকতা করিতে আগমন করেন। ১৮৮৬ খৃষ্টাব্দে শিক্ষক মহাশয়ের একটি পুত্র সন্তান জন্মগ্রহণ করে। পিতা পুত্রের নামকরণ করিলেন—নরেন্দ্রনাথ ভট্টাচার্য্য। নরেন্দ্রনাথ বাল্যকালে আড়বেলের গ্রাম্য পাঠশালাতেই প্রাথমিক শিক্ষা লাভ করেন। বাল্যকাল হইতেই মেধাবী নরেন্দ্রনাথ কোন বিষয় সম্যক না বুঝিয়া গ্রহণ করিতেন না। আলস্যে বা আরামে দিনযাপন নরেন্দ্রনাথের স্বভাব বিরুদ্ধ ছিল।

বঙ্গ-ভঙ্গ ও স্বদেশী আন্দোলনের সময় নরেন্দ্রনাথ শ্রীঅরবিন্দের "ন্যাশন্যাল কাউন্সিল অব এডুকেশনে" ভর্ত্তি হন। উক্ত বিদ্যাপীঠে ম্যাট্রিক পরীক্ষায় উত্তীর্ণ হন। পূর্ব্ব হইতেই তিনি তৎকালীন বিখ্যাত বৈপ্লবিক আন্দোলনে যোগ দেন। কাজেই রাজনৈতিক ব্যাপারে ব্যস্ততার জন্য অধিকতর লেখাপড়া করিতে পারিলেন না।

১৯০৬ খৃষ্টাব্দে সোনারপুর ষ্টেশন লুণ্ঠন করিবার অভিযোগে নরেন্দ্রনাথ প্রথম গ্রেপ্তার হন। বৈপ্লবিক ব্যাপার পরিচালনার জন্য তিনি ডাকাইতি করিয়াছেন—এই অভিযোগ তাঁহার বিরুদ্ধে গঠন করা হয়। প্রমাণ অভাবে তিনি বেকসুর খালাস পান।

"হাওড়া ষড়যন্ত্র" মামলায় গ্রেপ্তার হইয়া কুড়ি মাস হাজতে থাকেন। কুড়ি মাস কারাবাসের মধ্যে ৯ মাস তাঁহাকে নির্জ্জন কুঠরীতে আবদ্ধ রাখা হয়। এই সময় তিনি যোগ অভ্যাস করেন। ধর্ম্মগ্রন্থও পাঠ করেন। কিছুদিন রামকৃষ্ণ মিশনে যোগদান করেন। এসবে মন না লাগায় আবার বৈপ্লবিক ক্রিয়া কলাপ উৎসাহের সহিত আরম্ভ করেন। নিজের প্রতিভাবলে অচিরাৎ বাঙলার সুবিখ্যাত বিপ্লবী যতীন্দ্রনাথের ( বাঘা যতীন ) দক্ষিণহস্ত স্বরূপ হইয়া উঠেন।

বৈপ্লবিক কর্ম্ম সাধনের জন্য তাঁহাকে নানা সময়ে নানা ছদ্মবেশ ধারণ ও ছদ্মনাম গ্রহণ করিতে হইয়াছিল। নরেন্দ্রনাথের অর্থ ঠিক রাখিয়া ( নর-মানব ) মানবেন্দ্রনাথ এবং ভট্টাচার্য্যের স্থানে রায় পরিবর্ত্তন করা হয়। মানবেন্দ্রনাথ রায় সংক্ষেপে এম, এন, রায় বলিয়া ব্যক্ত করা হয়।

মহাযুদ্ধ আরম্ভ হওয়ার পর ভারতে সশস্ত্র বিপ্লব সংঘটিত করার জন্য জার্ম্মান সরকার হইতে সাহায্য প্রার্থনা করায় এবং চীন, শ্যাম, যবদ্বীপ প্রভৃতি স্থানের বিপ্লবীদের সহিত যোগাযোগ স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। জার্ম্মান সরকারের নিকট সাহায্যলাভের জন্য নরেন্দ্রনাথকে পাঠান হয়। এই সময়ে নরেন্দ্রনাথ মিঃ মার্টিন নাম গ্রহণ করেন। তিনি ১৯১৫।এপ্রিল মাসে জাহাজে আরোহণ করার পর, পুলিশ টের পাইয়া সেই জাহাজে তল্লাসী করে। মিঃ মার্টিন ( নরেন্দ্রনাথ ) কৌশলের সহিত আত্মগোপন করেন। জার্ম্মান রাষ্ট্রদূতের সহিত সাক্ষাৎ করিয়া ভারতে সশস্ত্র বিপ্লবের জন্য ত্রিশ হাজার রাইফেল, প্রত্যেক রাইফেলের জন্য ৪০০ চারিশত কার্ত্তজ এবং দুই লক্ষ নগদ টাকা সংগ্রহ করিতে সমর্থ হন। "মাওরিক" নামক জাহাজে করিয়া এই সমস্ত জিনিষ বাংলা দেশে পৌঁছাইবার সিদ্ধান্ত হয়। মিঃ মার্টিন কিছুকাল বাটাভিয়াতে থাকিয়া তাঁহার দলের জন্য দুই মাসের মধ্যে ৪২০০০, বিয়াল্লিশ হাজার টাকা পাঠাইতে সমর্থ হন। ভারতের দুর্ভাগ্যক্রমে ভারত সরকার সমস্ত তথ্য অবগত হইল। আমেরিকানদের হাতে অস্ত্রশস্ত্রাদি ধরা পড়িয়া গেল। মিঃ মার্টিন তখন জার্ম্মানদূতের সহিত আবার দেখা করিবার জন্য সমুদ্র যাত্রা করিয়াছিলেন। ভারত সরকার সব জানিতে পারায় মিঃ মার্টিন ( নরেন্দ্রনাথ ) আর ভারতে আসিতে পারিলেন না। ভারতে সশস্ত্র বিপ্লব সংঘটন করিতে দেশত্যাগী হইয়া চীন যাইতে বাধ্য হন। তখন তিনি মার্টিন নাম ত্যাগ করিয়া মানবেন্দ্রনাথ রায় ( এম, এন, রায় ) নাম গ্রহণ করেন। চীন হইতে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে যান। তথা হইতে যান মেক্সিকোতে। রুশিয়ার বাহিরে সর্ব্বপ্রথম কম্যুনিষ্ট পার্টি প্রতিষ্ঠা তিনিই করেন। তাঁহার বিপ্লবী প্রতিভা ও অন[illegible] সাধারণ সংগঠন শক্তিতে আকৃষ্ট হইয়া লে[illegible] তাঁহাকে রুশিয়ায় আহ্বান করিয়া লইয়া যান। [illegible] এন, রায়ের প্রতিভা ও শক্তি তাঁহাকে লেনিনের ঘনিষ্ঠ সহকর্ম্মীতে পরিণত করিয়াছিল। লেনিন, ষ্ট্যালিন, ট্রটস্কি প্রমুখ ব্যক্তিগণের সমকক্ষ সম্মান ও পদ প্রাপ্ত হইলেও অনেক সময় কুৎসা রটনাকারীদের রটনা ভুল প্রমাণ করিবার জন্য অনেক ষড়যন্ত্রের ফাঁস কাটিয়া নিজের প্রতিভার পরিচয় দিতে হইয়াছিল। পরের দেশের সমস্ত মান-সম্মান পরিত্যাগ করিয়া ভারতে ফিরিবার মনস্থ করিলেন।

১৯২৯ সালের শেষভাগে ডাঃ মামুদ এই ছদ্মনামে মানবেন্দ্রনাথ ভারতে আসিয়া ১৯৩০ সালের ২৭শে জুন বোম্বাই-এ এক হোটেলে গ্রেপ্তার হন। শেষ অবধি তাঁহার ছয় বৎসর জেল হয়। ডেরাডুনে এই মেয়াদ অন্তে খালাস হন। কংগ্রেসে প্রবেশ করেন। কংগ্রেস হইতে বিতাড়িত হন। র‍্যাডিক্যাল ডেমোক্রেটিক পার্টি গঠন করেন। পৃথিবীর যে কোন শক্তির বিরুদ্ধে দাঁড়াইবার দৃঢ়তা তাঁহার ছিল। ঘটনাচক্রে ভারত ত্যাগ করিয়া কত দেশে তাঁহাকে ফিরিতে হইয়াছিল। কিন্তু প্রত্যেক দেশেই স্বীয় প্রতিভা ও কর্ম্মশক্তির পরিচয় দিয়া আসিয়াছেন।

তিনি ইংরাজী, ফরাসী, স্পেনিস, জার্ম্মান, রুস, ফার্সি, আরবী, উর্দ্দু, হিন্দী, প্রভৃতি ভাষায় ব্যুৎপন্ন ছিলেন।


তিনি সকল অবস্থার সহিত নিজেকে খাপ খাওয়াইতে পারিতেন। তাঁহার সুযোগ্যা সহধর্ম্মিণী বিদুষী মহিলা শ্রীমতী এলেন তাঁহার সহিত ডেরাডুনে এক ভাঙ্গা সস্তা ভাড়াটে বাড়ীতে বৎসরের অধিকাংশ সময় বাস করিতেন। খাদ্য পরিধেয় ছিল বিলাস-বিহীন।

"জঙ্গিপুর সংবাদে"র মত ক্ষুদ্র কাগজে তাঁহার গুণাবলীর বিস্তৃত বর্ণনার পক্ষে অতি সংকীর্ণ। ইংরাজ আমলে যখন মানবেন্দ্রনাথ রায়ের গতিবিধি লক্ষ্য করিয়া পুলিশ সংগোপনে অনুসরণ করিতেছে "জঙ্গিপুর সংবাদে'র শ্রীশরৎচন্দ্র পণ্ডিত তাঁহার এক স্বজন গৃহে সস্ত্রীক রায় ও তাঁহার সহকর্ম্মী শ্রীহরিকুমার চক্রবর্ত্তীর সান্নিধ্যের সৌভাগ্য লাভ করিয়া ধন্য হইয়াছিলেন। তিনি (শরৎ পণ্ডিত) কলিকাতা হইতে এই মহাবিপ্লবী অতিথিসেবক মধ্যবিত্ত গৃহস্থ পরিবার-পরিবেশে গৃহীত আলোক চিত্রখানার ব্লক ও লেখা যাহা পাঠাইয়াছেন তাহা প্রকাশিত হইল—

রুশিয়া দেশে লেনিন, ষ্ট্যালিন প্রমুখ রাষ্ট্রনায়ক-গণের সহিত সমমর্য্যাদাসম্পন্ন হইয়াও যিনি ওরর দেশে থাকা অপেক্ষা ভারতে ইংরাজের জেলখানায় পচিয়া মরা বাঞ্ছনীয় মনে করিয়া ভারতে ফিরিয়া আসিলেন তাঁহার সহিত যেটুকু সময় অতিবাহিত করা যায়, তাহাই জীবনের শুভ মুহূর্ত্ত। আমাদের মধ্যে একজন সমঝদার সুপণ্ডিত অধ্যাপক ছিলেন, তিনি মহাবিপ্লবী মানবেন্দ্রনাথের সহিত কথাবার্ত্তায় সর্ব্ববিষয়ে তাঁহার জ্ঞানের গভীরতা দেখিয়া মুগ্ধ হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—আপনার গান জানা আছে? মানবেন্দ্রনাথ উত্তর দিবার পূর্ব্বেই আমি (দা'ঠাকুর) তাঁর হ'য়ে জবাব দিই—জি, ইউ, এন, (GUN) গান ভাল জানা আছে। মানবেন্দ্রনাথের সহিত সকলে হো হো করিয়া হাসিয়া উঠিলেন। তাঁহার সহধর্ম্মিণী শ্রীমতী এলেনও বুঝিতে পারিয়া খুব হাসিয়া উঠেন। এই পরিহাসের পাল্টা না দিয়া তিনি ছাড়েন নাই। ফটো তুলিবার সময় টেবিলের উপর খাওয়ার বাসনগুলি তখনও ছিল। তিনি (মানবেন্দ্র) নির্দ্দেশ দিলেন

(৫ম কলমে দেখুন)

# মহাবিপ্লবী মানবেন্দ্র রায়ের সহিত এক সন্ধ্যা



যাঁহার সৌজন্যে চিত্রখানি মুদ্রিত হইল, সংক্রামক আত্ম প্রশস্তির কলঙ্কে ভীত হইয়া তিনি চিত্র পরিচয় দিতে পুনঃ পুনঃ নিষেধ করিয়াছেন।

মানবেন্দ্রনাথের চিত্রে কালো ×, শ্রীমতী এলেনের সাদা ×, ডানদিকে বিখ্যাত অধ্যাপক মহাশয়ের এবং বামদিকে বিপ্লবী শ্রীহরিকুমার চক্রবর্ত্তী।

(৪র্থ কলমের জের)

—এগুলি দাদাঠাকুরের সামনে সাজিয়ে রাখুন—উনি যে আমাদের সঙ্গে খাননি তার জলন্ত প্রমাণ থেকে যাবে।

এই ক্ষণেকের পরিচিতের মহাপ্রয়াণ আজ অত্যন্ত বেদনাদায়ক মনে হইতেছে। আমি মানবেন্দ্রনাথের স্বজন ও গুণমুগ্ধগণের সহিত সমবেদনা প্রকাশ করিতেছি। তবে আমেরিকা বা রুশিয়ার মত অগ্রগামী সভ্যদেশে রোজেনবার্গ দম্পতি বা বেরিয়ার পরিণামের সহিত তুলনা করিয়া ভারত সন্তান বাঙলার ২৪-পরগণায় জন্মগ্রহণ করিয়া যুক্তপ্রদেশে ডেরাডুনে স্বাভাবিক মৃত্যুতে দেহত্যাগ করিলেন ইহাই সান্ত্বনা।

## চাকরের কীর্ত্তি

গত ৩০শে জানুয়ারী শনিবার দুপুরে পশ্চিম বঙ্গ সরকারের ভ্রাম্যমান চক্ষু চিকিৎসালয়ের ডাঃ হরিসাধন বসু ও ডাঃ প্রণতরঞ্জন রায় মহাশয়দ্বয়ের রঘুনাথগঞ্জ বাসার চাকর শ্রীকার্ত্তিকচন্দ্র জানা ওরফে সুকুমার তাঁহাদের অনুপস্থিতির সুযোগে বাক্স ভাঙ্গিয়া টাকা, গরম পোষাক ও সোনার আংটি ও বোতাম লইয়া পলায়ন করিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে। চাকরটির বাড়ী মেদিনীপুর জেলার বাসুদেবপুর গ্রামে।

## দিনে কাপড় চুরি

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজারের বস্ত্র ব্যবসায়ী শ্রীদেবেন্দ্রনাথ সাহা মহাশয়ের দোকান হইতে একখানি মিলের শাড়ী অপসারণ করিবার সময় দুই ব্যক্তি ধরা পড়িয়াছে। উহাদিগকে পুলিশে দেওয়া হইয়াছে। উহাদের মধ্যে একজন পুরাতন দাগী আছে বলিয়া প্রকাশ।

## জঙ্গিপুর কৃষি, শিল্প, স্বাস্থ্য প্রদর্শনী

আগামী ১০ই ফেব্রুয়ারী (বাং ২৭শে মাঘ) বুধবার হইতে ১৫ই ফেব্রুয়ারী (বাং ৩রা ফাল্গুন) সোমবার পর্য্যন্ত রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে উক্ত প্রদর্শনী অনুষ্ঠিত হইবে। নিম্নে বিস্তারিত কর্ম্ম-সূচী দেওয়া হইল :—

১০ই ফেব্রুয়ারী সন্ধ্যা ৬টায়—মহকুমার জনৈক অভিজ্ঞ কৃষক কর্ত্তৃক দ্বারোদ্ঘাটন ও বিচিত্রানুষ্ঠান। প্রধান অতিথি মুর্শিদাবাদ জেলা-শাসক শ্রীজিতেশচন্দ্র তালুকদার, সভাপতি—জঙ্গিপুর মহকুমা-শাসক শ্রীসুবোধকুমার ঘোষ।

১১ই ফেব্রুয়ারী সন্ধ্যা ৮টায়—"শাজাহান" নাট্যাভিনয়।

১২ই ফেব্রুয়ারী—পশু-প্রদর্শনী—বেলা ১২টা হইতে ২টা, সন্ধ্যা ৮টায়—"সাবিত্রী" নাট্যাভিনয়।

১৩ই ফেব্রুয়ারী বেলা ৪টায়—"জঙ্গিপুর-শ্রী" প্রতিযোগিতা, সন্ধ্যা ৮টায়—"শ্রীচরণেষু" নাট্যাভিনয়।

১৪ই ফেব্রুয়ারী বেলা ৩টায়—পরিপূরক-খাদ্য প্রতিযোগিতা। সন্ধ্যা ৭টায়—বহরমপুরের কলা-ভারতী কর্ত্তৃক বিচিত্রানুষ্ঠান।

১৫ই ফেব্রুয়ারী বেলা ২টায়—মিষ্টান্ন প্রতিযোগিতা, বেলা ৪টায়—পুরস্কার বিতরণী সভা।

## শত বার্ষিকী উৎসব

আগামী ১৪ই মার্চ্চ রবিবার বহরমপুর কৃষ্ণনাথ কলেজ ও স্কুলের শত বার্ষিকী উৎসব আরম্ভ হইবে। পশ্চিম বঙ্গের গভর্ণর ডাঃ হরেন্দ্রকুমার মুখার্জ্জী এই উৎসবের উদ্বোধন করিবেন। ডাঃ যদুনাথ সরকার ডাঃ রাধাকুমুদ মুখার্জ্জী, ডাঃ রাধাকমল মুখার্জ্জী, প্রমুখ সুধী ব্যক্তিগণ এই উৎসবে যোগদান করিবেন বলিয়া প্রকাশ।

## জমিদারী কর্ম্মচারীদের সভা

গত ৩১শে জানুয়ারী বহরমপুরে মুর্শিদাবাদের জমিদারী-কর্ম্মচারিগণের এক সভা হইয়াছে। উক্ত সভায় জমিদারী প্রথা উচ্ছেদের ফলে তাঁহাদের চাকুরীর যে অনিশ্চয়তা দেখা দিবে তৎসম্বন্ধে আলোচনা করেন।

## শিক্ষকদের দাবীর সমর্থনে জঙ্গীপুরে জনসভা

গত ২৬শে জানুয়ারী জঙ্গীপুর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে শিক্ষকদের দাবীর সমর্থনে এক জনসভা হয়। জঙ্গীপুর পৌরসভার সভাপতি ও জঙ্গীপুর উচ্চ বিদ্যালয়ের সম্পাদক শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় সভায় পৌরোহিত্য করেন। নিখিল-বঙ্গ শিক্ষক সমিতির পরিচালন সমিতি ও পশ্চিম বঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সদস্য শ্রীবামনদাস মণ্ডল সভায় প্রধান অতিথির আসন গ্রহণ করেন।

নিখিল বঙ্গ শিক্ষক সমিতির পরিচালন সমিতির সদস্য শ্রীসুশীল ঠাকুর বক্তৃতা প্রসঙ্গে শিক্ষকগণের বর্ত্তমান আন্দোলনের বিভিন্ন স্তরের বর্ণনা করিয়া নিখিল বঙ্গ শিক্ষক সমিতি যে কর্ম্ম বিরতির সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে তাহার যৌক্তিকতা সকলকে বুঝাইয়া দেন। শ্রীবামনদাস মণ্ডল মুখ্য মন্ত্রীর অধুনা প্রকাশিত বিবৃতির অসারত্ব প্রমাণ করিয়া দেখাইয়া দেন যে বর্ত্তমানে সংগ্রাম ব্যতীত অন্য কোন পথ খোলা নাই, পশ্চিম বঙ্গ বিধান সভার সদস্য ও জঙ্গীপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক জনাব লুৎফল হক সরকারের হৃদয়হীন নীতির তীব্র সমালোচনা করিয়া বলেন যে সংগ্রামী জনতার ঐক্যের নিকট সরকারকে নতিস্বীকার করিতেই হইবে। জেলা আর-এস-পির পক্ষ হইতে শ্রীনিতাই গুপ্ত, জেলা কমিউনিষ্ট পার্টির পক্ষ হইতে শ্রীঅনন্ত ভট্টাচার্য্য শিক্ষকদের আন্দোলনের পিছনে তাঁহাদের সর্বপ্রকার সক্রিয় সাহায্যের আশ্বাস দেন, শ্রীসুধীর মুখোপাধ্যায়, শ্রীঈপ্সিতা বিশ্বাস, শ্রীবরুণ রায়, শ্রীসন্তোষ ভট্টাচার্য্য ও শ্রীনলিনীকান্ত চৌধুরীও আন্দোলনের পিছনে তাঁহাদের সমর্থন জানাইয়া বক্তৃতা দেন।

আগামী ১০ই ফেব্রুয়ারী হইতে শিক্ষকগণের কর্ম্মবিরতির যে প্রস্তাব নিখিল বঙ্গ শিক্ষক সমিতি গ্রহণ করিয়াছেন, সভায় এক প্রস্তাবে সর্ব্বসম্মতিক্রমে তাহা সমর্থন করা হয়।

শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়কে সভাপতি ও শ্রীবরুণ রায়কে সম্পাদক করিয়া সভায় এক সংগ্রাম পরিষদ গঠিত হয়।

—সংবাদদাতা

## নোটীশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগত করান যাইতেছে যে, জঙ্গিপুর মহকুমার অধীন সাগরদীঘি থানার অন্তর্গত ব্রাহ্মণীগ্রাম মৌজার ২৩৫নং খতিয়ানের লিখিত ৭।০ টাকার জমা এবং রতনপুর মৌজার ১৫৭নং ও ব্রাহ্মণীগ্রাম মৌজার ২৩২নং খতিয়ানের লিখিত ১৫৶৭ পাই জমা যাহা বিমলসিং কুঠারী জমিদার মহাশয়ের অধীনে স্থিতিবান স্বত্বে প্রচলিত আছে উক্ত জমার সম্পত্তি ইংরাজী ১৯৩৭ সাল হইতে মর্গেজ ডিগ্রীমূলে খরিদ করিয়া ও পরে বিভাগ বন্টননামা মূলে সম্পূর্ণরূপে মালিক হইয়া অদ্যাবধি ভোগদখল করিয়া আসিতেছি। ৩৭ (ক) ধারা মামলা উপস্থিত হওয়ায় আমরা উক্ত সম্পত্তি বাকী খাজনা করাইয়া ১৯৪৫ সালের ২৩৫নং খাজনা জারী মোকর্দ্দমাতে গত ১৬।৬।৪৫ তারিখে জঙ্গিপুর ২য় মুনসেফী আদালতের প্রকাশ্য নিলামে আমাদের মাতুল শ্রীরঘুনাথ দাস মহাশয়ের বেনামীতে এবং ১৯৪৫ সালের ৬১৩নং খাজনা জারী মোকর্দ্দমাতে গত ২৮।১১।৪৫ তারিখে আমাদের অপর মাতুল শ্রীরাসবিহারী দাস (উভয়ের সাং জিয়াগঞ্জ পিতা ৺শ্রীরাম দাস) মহাশয়ের বেনামীতে নিলাম খরিদ করিয়া উক্ত দুইটী জমার সম্পত্তিতে যথারীতি বয়নামা গ্রহণে আদালত সাহায্যে দখল লইয়া উক্ত সম্পত্তি আমরা মালিক স্বরূপে অদ্যাবধি দখল ভোগ করিয়া আসিতেছি ও করিতেছি। জিয়াগঞ্জ সাকিমের শ্রীরঘুনাথ দাস ও শ্রীরাসবিহারী দাস মাতুলদ্বয় মহাশয়গণ যথাক্রমে উক্ত সম্পত্তির আমাদের বেনামদার মাত্র হইতেছেন। তাঁহাদের উক্ত সম্পত্তিতে কোন স্বত্ব দখল বা অধিকার কখনও ছিল না বা নাই। উক্ত রঘুনাথ দাস ও রাসবিহারী দাস মহাশয়গণের উক্ত সম্পত্তি কোন প্রকারে হস্তান্তর করিবার স্বত্ব বা অধিকার নাই। তাঁহারা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন প্রকার হস্তান্তর করিলে তন্মূলে হস্তান্তর গৃহীতার উক্ত সম্পত্তিতে কোন স্বত্ব অর্জ্জিত হইবে না। তদ্দ্বারা আমরা কোন প্রকারে বাধ্য হইব না। ভবিষ্যত হস্তান্তর গৃহীতাগণকে সতর্ক করিবার উদ্দেশ্যে এই নোটীশ দেওয়া হইল। ইতি ১৯শে জানুয়ারী ১৯৫৪ সাল।

স্বাঃ ১। শ্রীবৈদ্যনাথ দাস ২। শ্রীভোলানাথ দাস
৩। শ্রীশম্ভুনাথ দাস ৪। শ্রীবিশ্বনাথ দাস
সাং জিয়াগঞ্জ মুর্শিদাবাদ।

## কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

জঙ্গীপুর

স্থান—ম্যাকেঞ্জি পার্ক, রঘুনাথগঞ্জ

তারিখ—**১০ই ফেব্রুয়ারী হইতে ১৫ই ফেব্রুয়ারী পর্য্যন্ত**

থিয়েটার, যাত্রা, কবিগান, বিচিত্রানুষ্ঠান, সার্কাস, ম্যাজিক প্রভৃতি প্রমোদানুষ্ঠান।

বিশেষ আকর্ষণ—**জঙ্গীপুর শ্রী, শিশু প্রদর্শনী ও পরিপূরক খাদ্য প্রতিযোগিতা।**

আধুনিক কৃষি ও শিল্প-সংক্রান্ত যন্ত্রপাতি এবং পণ্যদ্রব্যের বিরাট সমাবেশ, কৃষি, শিল্প ও স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতা হইবে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় কৃষি অফিস, ইউনিয়ন বোর্ড অফিস অথবা মহকুমা শাসক, জঙ্গীপুরের সহিত যোগাযোগ স্থাপন করুন।

## অপেরীণ




ডাক্তার বি. এন রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ (কল্‌কাতা) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৫ই মার্চ্চ ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৯ মনি ডিঃ মণিবালা দেবী দেং নরেন্দ্রনারায়ণ চট্টোপাধ্যায় দিং দাবি ১৯০।৯ পাই থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ১-৫৬ শতক পুকুর নিষ্কর খং ২১৯ আঃ ৫০৲ ২নং লাট থানা ঐ মৌজে নপাড়া ১-৫৮ শতক মধ্যে ১/৪ অংশে ১-১৮॥ শতক নিষ্কর আঃ ৫০৲ খং ৮৬ ৩নং লাট থানা ঐ মৌজে উমরপুর ১-৭৩ শতক জমি তদুপরিস্থিত গৃহাদি মায় টিন চাল ছাপ্পর কপাট চৌকাঠ জানালা কাঠ ইত্যাদি নওয়া জিমা সহ নিষ্কর আঃ ৫০৲

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং সাবিত্রীবালা দাসী দাবি ১০॥৶৯ থানা ফরাক্কা মৌজে শ্রীমন্তপুর ১১ শতকের কাত ।৶৫ আঃ ৩৲ খং ৯৪২ ৭৪৪ রায়ত স্থিতিবান।

১৩ থাং ডিঃ ঐ দেং মহম্মদ আবুল হায়াত খাঁ চৌধুরী দিং দাবি ৩৪৶৯ মৌজাদি ঐ ৮-২৩ শতকের কাত ১১॥৴৯ আঃ ২০৲ খং ১১৩১ অধীনস্থ খং ১১৩২—১১৪২, ১১৩৯ (ক) চিরস্থায়ী মধ্যস্বত্ব

১৫ থাং ডিঃ ঐ দেং গোবিন্দচন্দ্র পাঁড়ে দাবি ১৩॥৶৩ মৌজাদি ঐ ১-৫৩ শতকের কাত ৩৶০ আঃ ৫৲ খং ১৯৯ অধীনস্থ খং ২০০ রায়ত স্থিতিবান

১৬ থাং ডিঃ ঐ দেং গিরিশচন্দ্র সিংহ দাবি ২৪৴৩ মৌজাদি ঐ ২-৪২ শতকের কাত ৫।৶৭ পাই আঃ ১০৲ খং ৮২৮ রায়ত মোকররী

৬ থাং ডিঃ ঐ দেং তিনকড়ি দাস দাবি ১০।৴৩ থানা ঐ মৌজে বেওয়া ৩ শতকের কাত ।৶৯ পাই আঃ ৩৲ খং ৯০৭ রায়ত স্থিতিবান।

৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৷৩ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১৶৬ আঃ ৫৲ খং ৯৫৮।৯৫৯ রায়ত স্থিতিবান।

৯ থাং ডিঃ ঐ দেং ডোমন বিবি দাবি ১২।৶৩ মৌজাদি ঐ ২৪ শতকের কাত ॥৴৬ আঃ ৫৲ খং ৯৮৮।৯৮৯ রায়ত স্থিতিবান।

১১ থাং ডিঃ ঐ দেং রাখালচন্দ্র পাঁড়ে দিং দাবি ১৫৮৴৯ মৌজাদি ঐ ৪-৬১ শতকের কাত ৫০ আঃ ৫৲ খং ১১৩ রায়ত মোকররী।

১৪ থাং ডিঃ ঐ দেং মহম্মদ আবুল হায়াত চৌধুরী দিং দাবি ৭৬৷৶৬ মৌজাদি ঐ ১৯৪-৬২ শ কের কাত ২৯২৮৬ আঃ ৫০০৲ খং ১২৮২ অ খং ১২৮৩—১৩৯০ চিরস্থায়ী মধ্যস্বত্ব।

১৭ থাং ডিঃ ঐ দেং সামসুদ্দিন সেখ দিং ২১৮৯ থানা ফরাক্কা মৌজে দোহিতপুর ১-৯৬ কের কাত ১।৭ আঃ ৫৲ খং ১১৩ রায়ত স্থিতিবা

৭ থাং ডিঃ ঐ দেং তেজু সেখ দিং দাবি মৌজাদি ঐ ১৫ শতকের কাত ॥৫ আঃ ২৲ খ রায়ত স্থিতিবান।

১০ থাং ডিঃ ঐ দেং বিনয়ভূষণ সিংহ দাবি ২৯ মৌজাদি ঐ ১-৩১ শতকের কাত ৩॥৶৯ আঃ খং ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২ রায়ত স্থিতিবান।

১২ থাং ডিঃ ঐ দেং জুদ্দিন সেখ দিং দাবি মৌজাদি ঐ ১২ শতকের কাত ।৶৩ আঃ ২৲ রায়ত স্থিতিবান।

## বিজ্ঞপ্তি

বহরমপুর পৌরসভার কমিশনারবৃন্দ বঃ মিউনিসিপ্যালিটির অধীনস্থ হাট বাজার, কাছারী, ব্যাঙ্ক, স্কুল, কলেজ ও রেল ষ্টেশনের সন্নিকটস্থ ৮-৭৩ আট একর তিয়াত্তর শত বাসগৃহ বাগ বাগিচা ইত্যাদি নির্ম্মাণের বিভিন্ন প্লট অনুসারে প্রতি প্লটের সর্ব্বো নিলাম খরিদ্দারকে বার্ষিক কাঠা পিছু ১ টাকা মাত্র খাজনায় বন্দোবস্ত দিতে ইচ্ছুক। প্ল্যান ও প্লটের নক্সা যে কোন দিন ( ব্যতীত ) বেলা ১১টা হইতে ৪ ঘটিকা প্রদর্শনের জন্য বহরমপুর পৌর-সভা রক্ষিত হইয়াছে। খরিদেচ্ছুক ব্যক্তিগণ খরিদ জন্য আগামী সন ১৯৫৪ সাে ফেব্রুয়ারী বেলা ১২ ঘটিকার সময় বহরমপু সভা অফিসে হাজির হইতে অনুরে যাইতেছে। ইতি—৭।১।৫৪

স্বাক্ষর—শ্রীমনো চেয়ার বহরমপুর মিউনিসিপ



সি. কে. সেনের আর একটি

## অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
**বিজ্ঞান** সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক 'সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১।৷০ টাকা ও মাশুলাদি ৷৴০ আনা।

সোল এজেণ্ট ঃ—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



*বিশ্বস্ত প্রতিষ্ঠান*

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

**চা-সংসদ** রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।